

শিক্ষা বোর্ডে ধর্মঘট শুরু

ইত্তেফাক রিপোর্ট ॥ আস্তঃ
শিক্ষা বোর্ড কর্মচারী ফেডারেশন
স্ব-স্ব শিক্ষা বোর্ডে কম্পিউটার
সেল স্থানান্তরের দাবীতে গতকাল
(বৃহস্পতিবার) হুইতে অনির্দিষ্ট-
কালের জন্য শিক্ষা বোর্ডে ধর্মঘট
শুরু করিয়াছে। গতকাল ধর্মঘট
চলাকালে কর্মচারীরা সকালে শিক্ষা
বোর্ডের গেটে তালি ঝুলাইয়া
দাবী উৎকীর্ণ পোষ্টার সঁটিয়া দেয়।
ফেডারেশন ১৩টি কারণ দেখাইয়া
বোর্ডে কম্পিউটার সেল স্থাপনের দাবী
জানাইতেছে। ধর্মঘটের ফলে শিক্ষা-
র্থীরা মারাত্মক অসুবিধার সম্মুখীন
হইতেছে।